গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: কামাল উদ্দিন তালুকদার, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | : | ০৯/০৪/২০১৯ ইং |
| সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ |

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট -'ক'-তে দেয়া হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ৩য় কোয়ার্টার এর অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভা ০৯/০৪/২০১৯ তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নূরুন নাহার, উপসচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

## আলোচনা :

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা নূরুন নাহার, উপসচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষন ছক মোতাবেক ৩য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৮-১৯ জাতীয় শুদ্ধাচার কৌশল-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার বেশ কিছু সূচকের ক্ষেত্রে ৩য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হবার পরামর্শ প্রদান করেন। এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার মার্চ মাস পর্যন্ত অগ্রগতিসহ ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনা করা হয়।

পর্যালোচনান্তে এই বিভাগের সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিম্নলিখিত বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় :

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর /সংস্থার নাম | প্রতিবেদন প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | | ✓ পরিবীক্ষণ কার্যক্রমসহসহ সকল কার্যক্রমের প্রমানক সংরক্ষণ করতে হবে;<br>✓ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br>✓ সমবায় আইন ও বিধিমালা সংশোধন-এর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>✓ শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা ৩০.০৫.১৯ নির্ধারিত রয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত কার্যক্রম শুরু করার নির্দেশনা দেয়া হয়। |
| ০২। | সমবায় অধিদপ্তর | ০৩/০৪/১৯ ইং | ১.১ : নৈতিকতা কমিটির সভা: লক্ষ্যমাত্রা ৪। প্রথম কোয়ার্টার-এ ২টি দেখানো হয়েছে। প্রতি কোয়ার্টার শেষে ১টি করে সভা অনুষ্ঠিত হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | | **১.৩ :** সূচক ২৪ সেপ্টেম্বর, ২০১৮ সর্বশেষ হালনাগাদ করা হয়েছে। এ ছাড়া অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য জিআরএস সেবাবক্সে সংযোজন না করে শুদ্ধাচার সেবাবক্স এ সংযোজিত হয়েছে।<br>**৫.২ :** ভিডিও কনফারেন্স : প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন থাকতে হবে।<br>**৫.৫ :** দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ : প্রমানক প্রয়োজন।<br>**৫.৬ :** সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধান: প্রমাণক প্রয়োজন।<br>**৬.২ :** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়ন: ৩য় কোয়ার্টারে অর্জন উল্লেখ নেই।<br>**৭.৩ :** দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ : প্রমাণক প্রয়োজন।<br>**৮.২ :** সমবায় অধিদপ্তরের কার্যক্রম পর্যালোচনা : সমবায় অধিদপ্তরে সকল কর্মচারীদের মধ্য থেকে কিভাবে একজন শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন করা হয়েছে ? প্রমানক প্রয়োজন।<br>**৮.৩ :** সমবায় অধিদপ্তরে অধিশাখার কার্যক্রম পর্যালোচনা: কিভাবে শ্রেষ্ঠ অধিশাখা নির্বাচন করা হয়েছে? প্রমানক প্রয়োজন।<br>**১০.১ :** বরাদ্দকৃত অর্থ: প্রতি কোয়ার্টারে বরাদ্দ প্রদানের বিষয়টি উল্লেখ রয়েছে।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৩। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | ০৩/০৪/১৯ ইং | **২.১ :** অংশীজনের সভা: প্রতি কোয়ার্টারে ১টি করে সভা আয়োজন করতে হবে। ২য় কোয়ার্টারে কোন সভা অনুষ্ঠিত হয়নি।<br>**৫.৪ :** ই-টেন্ডার/ই-জিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন: লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ছিল ১৫% কিন্তু কোন অর্জন উল্লেখ করা হয়নি।<br>**৫.৫, ৫.৬, ৬.২, ৬.৩, ৭.৩ :** সূচকের বিপরীতে কার্যক্রম সংক্রান্ত প্রমাণক প্রয়োজন।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৪। | পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া | ০৩/০৪/১৯ ইং | **২.১ :** অংশীজনের সভা: লক্ষ্যমাত্রা ৩ উল্লেখ করা হয়েছে। মূলত: লক্ষ্যমাত্রা ৪ হবে। প্রথম কোয়ার্টারে অর্জন উল্লেখ নেই।<br>প্রতি কোয়ার্টার-এ একটি করে মোট ৪টি সভার আয়োজন করতে হবে।<br>**৩.২ :** শুদ্ধাচার প্রতিষ্ঠার ম্যানুয়েল: প্রণয়ন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>**৪.৩ :** সুচকে উল্লেখিত দুদকে স্থাপিত হটলাইন নম্বরটি ডানদিকের ব্লকে সংযোজন করতে হবে।<br>**৫.৫, ৫.৬, ৬.২, ৬.৩, ৭.৩ :** সকল সূচকের কার্যক্রম সংক্রান্ত প্রমাণক প্রয়োজন।<br>৮.৩ : পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান কিভাবে সম্পন্ন হচ্ছে? প্রমানক প্রয়োজন।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, (বার্ড) কুমিল্লা। | ০৩/০৪/১৯ ইং | **২.১ :** অংশীজনের সভা : লক্ষ্যমাত্রা ৩ উল্লেখ করা হয়েছে। মূলত: লক্ষ্যমাত্রা ৪ হবার কথা। প্রথম কোয়ার্টারে অর্জন উল্লেখ করা হয়নি।<br>**৩.১, ৩.২ :** প্রজ্ঞাপন জারি সংক্রান্ত প্রমাণক প্রয়োজন।<br>**৪.২ :** তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন-লাইন প্রশিক্ষণ সম্পাদনের বিষয়ে ২৫/০৮/২০১৮-এ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছিল। অর্জন হয়েছে ১২/০৯/২০১৮ ইং তারিখে।<br>**৪.৩ :** সূচকে উল্লেখিত দুদকে স্থাপিত হটলাইন নম্বরটি ডানদিকের ব্লকে সংযোজন করতে হবে।<br>**৫.২ :** ভিডিও/অন-লাইন/টেলিকনফারেন্স আয়োজন: লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে ৪। কিন্তু প্রথম কোয়াটারে কোন অর্জন হয়নি।<br>**৫.৫ :** দপ্তর/সংস্থার চালুকৃত অনলাইন/ই-সেবা ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষনের প্রমানক প্রয়োজন।<br>**৫.৬ :** স্যোসাল মিডিয়া ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধানের বিষয়ে প্রমানক প্রয়োজন।<br>**৬.৩ :** চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরীবিক্ষণ। লক্ষ্যমাত্রা ৪% উল্লেখ করা হয়েছে। একক সংখ্যায় হবে শতকরায় হবে না।<br>**৭.২ :** স্ব-স্ব ওয়েব সাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করণ: ৪র্থ কোয়ার্টারে ৮ জুলাই ২০১৯ উল্লেখ করা হয়েছে। এটি সংশোধন প্রয়োজন।<br>**৭.৩ :** পরিবীক্ষণ সংক্রান্ত প্রমাণক প্রয়োজন।<br>**৭.৬ :** গণশুনানী আয়োজন: লক্ষ্যমাত্রা ১ উল্লেখ আছে। লক্ষ্যমাত্রা ২/৩ এ বৃদ্ধি করতে হবে। ১ম থেকে ৪র্থ কোয়ার্টার পর্যন্ত অর্জন ১ করে উল্লেখ করা হয়েছে। মূলত: ৩য় কোয়ার্টার এর প্রতিবেদনে ৩য় কোয়ার্টার পর্যন্ত অর্জন উল্লেখ থাকার কথা।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৬। | বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড)। | ০২/০৪/১৯ ইং | **৩.১ :** বাপার্ডে প্রশিক্ষণ ম্যানুয়েল, স্কুল পরিচালনা নীতিমালা। লক্ষ্যমাত্রা ছিল ১৯/১২/২০১৮ এবং ২০/০৩/১৯ কিন্তু উক্ত তারিখে কোন অর্জন উল্লেখ নেই।<br>**৩.২ :** পরিপত্র : কর্মকর্তা/কর্মচারী : লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ১৯/১২/২০১৮ এবং ২০/০৫/১৯। কিন্তু লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন উল্লেখ নেই।<br>**৪.২ :** তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন-লাইন প্রশিক্ষণ সম্পাদনের বিষয়ে ১০/১০/২০১৮-এ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছিল। উক্ত তারিখে অর্জন উল্লেখ করা হয়নি কিন্তু ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনের তারিখ ০৩.০২.২০১৯ উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে সংশোধন প্রয়োজন।<br>**৪.৩ :** দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব-স্ব তথ্য বাতায়নে সংযুক্তিকরন এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরন: লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২৭/০৮/২০১৮ ইং। কিন্তু কোন অর্জন হয়নি।<br>**৫.২ :** ভিডিও/অন-লাইন/টেলিকনফারেন্স আয়োজন। আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে ২। কিন্তু এ পর্যন্ত কোন অর্জন হয়নি। পরবর্তী কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>**৫.৪ :** ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>**৫.৫ :** চালুকৃত অনলাইন/ই-সেবা ব্যবহার সংক্রান্ত কার্যক্রম |

| | | | |
|---|---|---|---|
| | | | পরিবীক্ষনের প্রমানক প্রয়োজন। লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ২০% কিন্তু এ পর্যন্ত কোন অর্জন হয়নি।<br>**৬.৩ :** চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজীকৃত সেবা পরীবিক্ষণ: প্রমানক প্রয়োজন।<br>**৭.৩ :** সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল ৮০%। কিন্তু এ পর্যন্ত কোন অর্জন নেই। পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন থাকতে হবে।<br>**৭.৬ :** গণশুনানী আয়োজন এর লক্ষ্যমাত্রা ২০% উল্লেখ আছে। এ পর্যন্ত কোন অর্জন উল্লেখ করা হয়নি। একক সংখ্যা হবার কথা। পরবর্তী সময়ে অবশ্যই অর্জন থাকতে হবে।<br>✓ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্সে নির্দেশিকা বলতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক নির্দেশিকা বুঝায়।<br>✓ শুদ্ধাচার সেবাবক্স হতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শুদ্ধাচার কৌশল বাদ দিতে হবে।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৭। | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন | ০২/০৪/১৯ ইং | **৪.৩ :** সূচকে উল্লেখিত দুদকে স্থাপিত হটলাইন নম্বরটি ডানদিকের ব্লকে সংযোজন করতে হবে।<br>**৫.৫, ৫.৬, ৬.২, ৬.৩, ৭.৩, ৮.১ :** পরিবীক্ষণ ও মনিটরিং সংক্রান্ত কার্যক্রমের প্রমানক প্রয়োজন।<br>**৮.৫ :** নৈতিকতা সম্পর্কিত পোষ্টার/লিফলেট/ভাজ তৈরি ও বিলির ব্যবস্থা গ্রহণ: লক্ষ্যমাত্রা নির্ধাররন করা হয়েছে ১০০টি। কিন্তু এ প্রর্যন্ত কোন অর্জন নেই। পরবর্তীতে অর্জন দেখাতে হবে।<br>**১১.৫ :** আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ে কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান: লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে ৪টি। ২য় কোয়ার্টারে অর্জন উল্লেখ নেই তবে ৩য় কোয়ার্টারে ২টি সভা উল্লেখ করা হয়েছে। প্রতি কোয়ার্টার শেষে ১টি সভা আহবান করতে হবে।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৮। | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | ০২/০৪/১৯ ইং | **১.৩ :** সূচকে উল্লেখিত শুদ্ধাচার সেবাবক্সে "স্বপ্রণোদিতভাবে তথ্য" এই লিঙ্কটি তথ্য অধিকার সেবা বক্সে সংযোজন করতে হবে।<br>**১.৩ :** <u>স্ব-স্ব ওয়েব সাইটে শুদ্ধাচার সেবা বক্স হাল-নাগাদ করন:</u><br>১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছিল ১৬/০৯/২০১৮ ইং। কিন্তু ১ম কোয়ার্টারে কোন অর্জন হয়নি। পরবর্তী লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন দেখাতে হবে।<br>**৪.৬ :** সূচকে উল্লেখিত স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ নেই। এটি পরিপালন প্রয়োজন।<br>**৫.৫, ৫.৬, ৬.৩, ৭.৩ :** পরিবীক্ষণ সংক্রান্ত কার্যক্রমের প্রমাণক প্রয়োজন।<br>**৭.২ :** সূচকে উল্লেখিত GRS সেবাবক্স এ উল্লিখিত ৪ট পাতার মধ্যে ৩টি পাতার কোন সংযোজন (লিঙ্ক) নেই।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৯। | মিল্কভিটা | ০৩/০৪/১৯ ইং | **২.১ :** <u>অংশীজনের সভা :</u> লক্ষ্যমাত্রা ৩ উল্লেখ করা হয়েছে। মূলত: লক্ষ্যমাত্রা ৪ হবার কথা। প্রথম কোয়ার্টারে অর্জন উল্লেখ করা হয়নি।<br>**৩.২ :** কার্যক্রমের নাম উল্লেখ নেই।<br>**৪.২ :** তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন-লাইন প্রশিক্ষণ সম্পাদন: লক্ষ্যমাত্রা অর্জনের তারিখ ৩১/০৮/২০১৮ উল্লেখ থাকলেও এ পর্যন্ত প্রশিক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| | | | সম্পন্ন হয়নি।<br>৪.৩: সূচকে উল্লিখিত দুদকে স্থাপিত হটলাইন নম্বরটি ডানদিকের ব্লকে সংযোজন করতে হবে।<br>**৪.৪ :** তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হাল-নাগাদ করণ: ১ম ও ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন উল্লেখ করা হয়নি।<br>**৪.৬ :** স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হাল-নাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করা হয়নি।<br>**৫.২:** ভিডিও/ অন-লাইন/ টেলিকনফারেন্স আয়োজন (স্কাইপ/ ম্যাসেঞ্জার/ ভাইবার ব্যবহারসহ): ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন উল্লেখ নেই।<br>**৬.১ :** বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ১৮-১৯ প্রণয়ন: লক্ষ্যমাত্রা ৩১ জুলাই, ২০১৮ উল্লেখ আছে। প্রতি কোয়ার্টারের অর্জন ২৫% উল্লেখ করা হয়েছে।<br>**৬.৩ :** চালুকৃত উদ্ভাবন উদ্যোগ সহজিকৃত সেবা পরিবীক্ষন: প্রমানক প্রয়োজন।<br>**৭.১ :** পিপিআর অনুযায়ী ক্রয় পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন: লক্ষ্যমাত্রা ৩১ জুলাই, ২০১৮-এর ক্ষেত্রে অর্জন ২৯ জুলাই, ২০১৮ উল্লেখ আছে। এছাড়া ৩য় কোয়ার্টারেও অর্জন ২২/০১/২০১৯ উল্লেখ করা হয়েছে।<br>৭.২: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্সে জিআরএস বিষয়ক নির্দেশনা ২০১৫ এর পরিমার্জিত সংস্করণ ২০১৮ তে সংযোজন করতে হবে।<br>**৯.১ :** লক্ষ্যমাত্রার ৭ নং কলামে ১৫ জুন, ২০১৯ উল্লেখ আছে। এ ছাড়া প্রতি কোয়ার্টারেও তারিখ উল্লেখ করা হয়েছে।<br>১১.৩: শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান। ৭নং কলামে লক্ষ্যমাত্রা ২১জুন ২০১৮ উল্লেখ আছে এবং ১ম কোয়ার্টারে অর্জন ২০/০৬/২০১৮ উল্লেখ আছে এ ছাড়াও ৩য় কোয়ার্টারে অর্জন ১০/০৩/২০১৯ উল্লেখ করা হয়েছে।<br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ১০। | আমার বাড়ী আমার খামার প্রকল্প | ০২/০৪/২০১৯ | ই-টেন্ডার সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। |

০২। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের জন্য কার্যক্রম সম্পাদন, অর্জনের যথাযথ প্রমানক সংরক্ষণ ও এ বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ